# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**23-04-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফায় দু একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ভোটগ্রহণ পর্ব শান্তিপূর্ণ। শেষ খবর পাওয়া পর্যন্ত গড়ে ভোট পড়েছে প্রায় ৯২। ভোটদানের হার সবথেকে বেশি প্রায় ৯৫ শতাংশ, দক্ষিণ দিনাজপুর জেলায়।

২) প্রথম দফার নির্বাচনকে অভূতপূর্ব আখ্যা বিজেপির। তৃণমূল কংগ্রেস বলেছে, এই নির্বাচন মানুষের অধিকার রক্ষার লড়াই।

৩) প্রচন্ড গরম ও বিভিন্ন ঘটনায় ভোটের লাইনে চার জনের মৃত্যু। আহত আরও অন্তত দুই।

৪) নির্বাচন কমিশন, দক্ষিণ দিনাজপুরের কুমারগঞ্জ এবং বীরভূমের লাভপুরের ঘটনায় জেলা প্রশাসনের কাছে রিপোর্ট তলব করেছে।

৫) রাজ্যে দ্বিতীয় দফায় ২৯ শে এপ্রিলের ভোটগ্রহণের আগে প্রচার জমে উঠেছে।

প্রবীণ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ এক নির্বাচনী জনসভায় ফের বলেছেন, বাংলার মানুষ তৃণমূল কংগ্রেসকে যে সুযোগ দিয়েছে, এবার তার বদল চাই।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী প্রথম দফার ভোটের দিন প্রধানমন্ত্রীর প্রচার নিয়ে কটাক্ষ করেছেন। অন্যান্য রাজনৈতিক দলও তাদের প্রচারাভিযান চালিয়েছে।

৬) সুপ্রিম কোর্টে আজ, অর্থ তছরুপ মামলায় কলকাতায় আই প্যাকের অফিসে তল্লাশি চলাকালীন তৃণমূল কংগ্রেস নেত্রী, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বাধাদান সংক্রান্ত মামলার শুনানি আজও চলেছে।

---

রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফায় দু একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ভোটগ্রহণ পর্ব মোটামুটি শান্তিপূর্ণভাবেই অতিবাহিত হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত গড়ে ভোট পড়েছে প্রায় ৯২ শতাংশ। সবচেয়ে বেশি ভোট পড়েছে প্রায় ৯৫ শতাংশ দক্ষিণ দিনাজপুর জেলায়। কালিম্পং জেলায় ভোটগ্রহণের হার ৮২ দশমিক ৯/৪ শতাংশ যা সবথেকে কম।

প্রথম দফার ভোটপর্ব নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট অভিরূপ

---

প্রথম দফার ভোটগ্রহণকে কেন্দ্র করে আজ বিভিন্ন জেলা থেকে বিক্ষিপ্ত গন্ডগোলের খবর মিলেছে।

**পশ্চিম বর্ধমানের** দুর্গাপুর, পূর্ব বিধানসভা কেন্দ্রে ১০৪ নম্বর বুথে তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মীদের মধ্যএ সংঘর্ষের ঘটনায় উত্তেজনা ছড়ায়। বচসা থেকে হাতাহাতি ও ধ্বাস্তাধ্বস্তি বাধে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে এলাকায় মোতায়েন করা হয় কেন্দ্রীয় বাহিনী ও পুলিশ। তাদের হস্তক্ষেপে পরিসিথিতি নিয়ন্ত্রণে আসে।

বিজেপি প্রার্থী চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় ঐ বুথ পরিদর্শনে গেলে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা তাকে লক্ষ্য করে জয় বাংলা স্লোগান দিতে থাকে বলে অভিযোগ। প্রতিবাদ করতে গেলে বিজেপি কর্মীদের ওপরও নিগ্রহ করা হয়। শাসকদলের পক্ষে

অবশ্য সমস্ত অভিযোগ অস্বীকার করা হয়েছে। তাদের পাল্টা দাবি, বিজেপি প্রার্থী বহিরাগতদের নিয়ে এসে এলাকায় উস্কানি ও সাধারণ ভোটারদের প্রভাবিত করার চেষ্টা করছিলেন। তারাই পরিকল্পিতভাবে অশান্তি বাধিয়েছে।

**জেলার আসানসোল** দক্ষিণের বিজেপি প্রার্থী অগ্নিমিত্রা পালের গাড়ি লক্ষ্য করে ইট-পাটকেল ছোঁড়া হয় বলে অভিযোগ। QRT সহ পুলিশের বিশাল বাহিনী ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি সামাল দেয়। **দুর্গাপুর-পূর্ব** বিধানসভা কেন্দ্রে ১০৪ নম্বর বুথে তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মীদের মধ্যে সংঘর্ষের ফলে উত্তেজনা ছড়ায়। প্রথমে বচসা এবং পরে তা' ধস্তাধস্তির রূপ নেয়। কেন্দ্রীয় বাহিনী ও রাজ্য পুলিশের উচ্চ পদস্থ আধিকারিকরা ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

**কোচবিহারের সিতাই** বিধানসভার ২৭০ নম্বর বুথে বিজেপির পোলিং এজেন্টকে ছুরি মারার অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। তাঁকে দিনহাটা হাসপাতালে ভর্তি করেছে পুলিশ। তৃণমূল কংগ্রেস অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

মুর্শিদাবাদ জেলায় আজকের ভোট ছিল অবাধ ও শান্তিপূর্ণ। আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট মুর্শিদাবাদ

**মালদার** সুজাপুরে কংগ্রেস প্রার্থী আবদুল হান্নানকে বুথে ঢুকতে বাধা দিলে, কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন তিনি। **হরিশ্চন্দ্রপুর** বিধানসভায় শাসক দলের ক্যাম্প অফিস ভাঙচুরের ঘটনায় এবারের ভোটে টিকিট না পাওয়া বিদায়ী মন্ত্রী, তাজমুল হোসেনের সঙ্গে পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা কংগ্রেসের স্বপন আলির গন্ডগোল বাধে। এই ঘটনায় এক গ্রামবাসীকে গ্রেপ্তার করেছে পুলিশ। অন্যদিকে, মানিকচক বিধানসভার নূরপুর অঞ্চলে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে ভোটদানে বাধা দেওয়ার অভিযোগ ওঠে।

**জলপাইগুড়ির ১৬ নম্বর** ওয়ার্ডের দুটি বুথে বিজেপির বিরুদ্ধে রিগিং ও ছাপ্পা ভোট দেওয়ার অভিযোগকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায়। শাসকদল বুথ জ্যাম ও টাকা বিলি করছিল বলে পাল্টা অভিযোগ বিজেপির। এব্যাপারে বিজেপি নেতৃত্ব থানায় অভিযোগ দায়ের করেছে।

**উত্তর দিনাজপুর** জেলার **চোপড়ার ১৯১** নম্বর বুথে EVM-এ বিজেপি এবং কংগ্রেসের প্রতীকে চুন লাগিয়ে দেওয়ার অভিযোগকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। কংগ্রেস প্রার্থী জাকির আবেদিন জানিয়েছেন, সকাল আটটা পর্যন্ত ঠিকঠাক ভোট হলেও, তারপরই দেখা যায়, কংগ্রেস এবং বিজেপির প্রতীকে চুন লাগানো আছে। কংগ্রেস ওই বুথে পুনর্নির্বাচনের দাবী জানিয়েছে। জেলার রায়গঞ্জে বাহিন-এ ভোট পড়ে যাওয়ায় কয়েকজন ভোটাররা বিক্ষোভ প্রদর্শন করেন। সেক্টর অফিসার ও কেন্দ্রীয় বাহিনী ঘটনাস্থলে যান। বেশ কিছুক্ষণ পর নির্বাচন কমিশনের উদ্যোগে সমস্ত ভোটাদাতার ভোটদানের ব্যবস্থা করা হয়।

**বীরভূমের** দুবরাজপুরের **খয়ড়াশোল ব্লকে** EVM-এ গন্ডোগোলের ফলে আধ ঘন্টা ভোট বন্ধ রাখা হয়।

এদিকে **বাঁকুড়ার** সালতোরা বিধানসভার পিলুরি এলাকায় ইভিএম পরিবহনকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায়। বহনকারী গাড়িগুলিতে কোনো নিরাপত্তা ছিল না বলে বিজেপি প্রার্থী চন্দনা বাউরি অভিযোগ করেছেন। এমনকি গাড়ির সিটের নীচ থেকে তৃণমূল কংগ্রেসের পতাকা উদ্ধার হয় বলেও বিজেপি প্রার্থীর দাবি। অভিযোগ খতিয়ে দেখার আশ্বাস দেওয়া হয়েছে।

-----------------

প্রথম দফার ভোটের দিন আজ প্রচন্ড গরম ও বিভিন্ন ঘটনায় চার জনের মৃত্যু হয়েছে। আহত আরও অন্তত ২ জন।

পূর্ব মেদিনীপুরের পটাশপুর বিধানসভায় বামনবার জুনিয়ার হাইস্কুলে, ভোটের লাইনে দাঁড়িয়ে থাকার সময় নৃপেন্দ্র দাস নামে এক বৃদ্ধ অসুস্থ হয়ে পড়েন। হাসপাতালে নিয়ে গেলে তাকে মৃত ঘোষণা করা হয়।

অন্যদিকে পশ্চিম মেদিনীপুরে কেশপুর সীমাগেড়িয়ায় ভোট কেন্দ্রের মধ্যেই অসুস্থ হয়ে ইসরাতন বিবি নামে এক বৃদ্ধা প্রাণ হারান।

বীরভূমের সিউড়িতে ভোট দিতে যাওয়ার সময় এক ব্যক্তি প্রাণ হারিয়েছেন। ডাঙাল পাড়ার বাসিন্দা বছর ৬৬-র অসীম রায়ের শ্বাসকষ্ট ছিল। ভোট দিতে যাওয়ার সময় রাস্তায় পড়ে যান তিনি। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর।

ওই বিধানসভা এলাকাতেই বোবাস্কুলে ১৩৫ নম্বর বুথে আজ নির্বাচন চলাকালীন ভোটকেন্দ্রের সামনেই গাছ ভেঙে চাপা পরেন এক বিজেপি কর্মী। ছুটে এসে তাঁকে উদ্ধার করেন তৃণমূল কংগ্রেস কর্মীরা। আহত যুবকের নাম জিকো চট্টরাজ। সিউড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে তাঁর চিকিৎসা চলেছে।

মালদার মালতিপুর বিধানসভার খেমপুর পঞ্চায়েতের একটি বুথে প্রমিলা বাগদি নামেও এক মহিলা ভোট দিতে গিয়ে হৃদরোগে আক্রান্ত হয়ে প্রাণ হারান। বুথের মধ্যেই তিনি মাথা ঘুরে পড়ে যান। তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়ার পথে মৃত্যু হয়।

এদিকে মালদার গাজোলের আকন্দা ১৩৭ নং বুথ এলাকায় ভোটগ্রহণ চলাকালীন প্রচন্ড গরমে অসুস্থ হয়ে পড়েন এক মহিলা ভোটকর্মী। জয়শ্রী কর্মকার নামে ওই ভোট

কর্মীকে সঙ্গে সঙ্গে উদ্ধার করে ভরতি করা হয় গাজোল স্টেট জেনারেল হাসপাতালে। বর্তমানে তিনি সেখানেই চিকিৎসাধীন।

-----------------

বিজেপি, আজকের ভোট প্রক্রিয়ায় সন্তোষ প্রকাশ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় বলেন, ভোটদানের হারে তারা খুশি।

এদিকে বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আজ দলের সল্টলেক কার্যালয় পরিদর্শন করেন। সেখানে তিনি প্রায় দু'ঘণ্টা নির্বাচনী কন্ট্রোল রুমে বসে প্রথম দফার ভোট গ্রহণ প্রক্রিয়া খতিয়ে দেখেন।

-----------------

বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া আজকের প্রথম দফার নির্বাচন অভূতপূর্ব হয়েছে বলে দলের প্রধান রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার জানিয়েছেন। পশ্চিমবঙ্গের মানুষ এতদিন যে ধরনের নির্বাচন দেখেছেন, এবারের নির্বাচন তার থেকে অনেকটাই আলাদা। বিপুল সংখ্যক মানুষ আজ স্বতঃস্ফূর্তভাবে ভোট দিয়েছেন।

এবারের নির্বাচন মানুষের অধিকার রক্ষার লড়াই। সেই কারণএই এত ভোট পড়েছে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দাবি করেছেন। চৌরঙ্গীতে আজ এক নির্বাচনী জনসভায় তিনি বেলন, বিজেপির চক্রান্তের বিরুদ্ধে মানুষ ভোট দিচ্ছেন।

এদিকে, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীও বহরমপুরে আজকের ভোট নিয়ে সন্তোষ ব্যক্ত করেছেন। সাংবাদিকদের তিনি বলেন, কমিশনের বিরুদ্ধে তেমন কোনো বড় অভিযোগ নেই।

-----------------

নির্বাচন কমিশন, দক্ষিণ দিনাজপুরের **কুমারগঞ্জ** এবং বীরভূমের **লাভপুরের** ঘটনায় জেলা প্রশাসনের কাছে **রিপোর্ট তলব** করেছে। কুমারগঞ্জে বিজেপি প্রার্থী এবং লাভপুরে, বিজেপি এজেন্টকে মারধোরের ঘটনাতেই কমিশনের এই পদক্ষেপ।

লাভপুরে বিজেপি প্রার্থীর ছেলের ওপর হামলার ঘটনায় জড়িত সকলকেই পুলিশ গ্রেপ্তার করেছে। এছাড়া সিউড়ির ভোটকেন্দ্র লাওজোর হাইস্কুলে শাসক দলের হয়ে ভোটকর্মীদের ওপর প্রভাব খাটানোর অভিযোগে সেক্টর অফিসার মলয় কুমার ধরকেও শো-কজ করেছে কমিশন। বোমাবাজির অভিযোগে মুর্শিদাবাদের **নওদা- শিবনগর** এলাকা থেকে গ্রেপ্তার করা হয় দুজনকে।

এদিকে, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, ফোন করে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক **মনোজ কুমার** আগরওয়ালের কাছ থেকে পশ্চিমবঙ্গের ভোট সম্পর্কে খোঁজখবর নেন।

-----------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'এক নজরে প্রথম দফা '। রাজ্য বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোট পর্ব কেমন হলো তা তুলে ধরবেন আমাদের জেলা সংবাদদাতা এবং প্রতিনিধিরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮-টা ৫ মিনিটে গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

-----------------

রাজ্যে দ্বিতীয় দফায় ১৪২ টি আসনে আগামী ২৯শে এপ্রিল ভোটগ্রহণের আগে প্রচার জমে উঠেছে।

বিজেপির প্রবীণ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নদিয়ার কৃষ্ণনগর ও দক্ষিণ ২৪ পরগণার মথুরাপুর ও কাকদ্বীপে জনসভায় ভাষণ দেন। তিনি বলেন, তৃণমূল কংগ্রেস মহিলাদের সম্মান দেয়না। এর হিসেব এই নির্বাচনে নিতে হবে। প্রধানমন্ত্রী আরো বলেন, বিগত ১৫ বছরে এই বাংলার মানুষ, তৃণমূল কংগ্রেসকে সুযোগ দিয়েছে। এবার তার বদল চাই।

(বাইট মোদী)

সন্ধ্যায় তিনি হাওড়ার MCKV থেকে সালকিয়া চৌরাস্তা পর্যন্ত রোড শো করেন। এর আগে বেলুড় মঠ পরিদর্শন করেন।

বিজেপির আর এক প্রবীণ নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, আজকের নির্বাচবনে সনন্তোষ প্রকাশ করেছে। হুগলীর বলাগড় ও পুরশুরায় প্রার্থীদের সমর্থনে এক জনসভায় তিনি বলেন, আজ যে সংখ্যক ভোট পড়েছে, তাতেই প্রমাণিত মমতা ব্যানার্জীর সরকার বিদায় নিতে চলেছে। আগামী ২৯ তারখেও সকলকে ভঁয়মুক্ত হয়ে ভোটদানে আবেদন জানান।

বিজেপি সরকার ক্ষমতায় এলে বাংলায় একজন অনুপ্রবেশকারীও ঢুকতে পারবে না , যারা আগে ঢুকেছে, তাদেরকে শুধুমাত্র ভোটার তালিকা থেকে নয়, দেশ থেকেও বিতারিত করা হবে বলেও অমিত শাহ স্পষ্ট জানান।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী **মুখ্যমন্ত্রী মমতা** ব্যার্নার্জী ভবানীপুরের কাঁসারি পাড়ার শীতলা মন্দির থেকে পটুয়া পাড়া পর্যন্ত এক পদযাত্রায় অংশ নেন। এর আগে তিনি কলকাতার বৌবাজারে দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় যোগ দিয়ে প্রথম দফার ভোটগ্রহণের দিন প্রধানমন্ত্রীর প্রচার নিয়ে তীব্র কটাক্ষ করেন।

(বাইট- মমতা)

CPIM-এর সাধারণ সম্পাদক M A বেবি, প্রাক্তন পলিটব্যুরো সদস্য বৃন্দা কারাত আজ যাদবপুরে দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় অংশ নিচ্ছেন। দলের রাজ্য সম্পাদক **মহম্মদ সেলিম** বালিগঞ্জ ও হুগলির উত্তরপাড়ায় রোড শো মিছিলে অংশ নেন। হুগলীর ভদ্রেশ্বরে সেলিম বলেন, বামপন্থীরা ১৮ বছর বয়সীদের ভোটদানের অধিকার সুরক্ষিত করেছিল। এখন সেই অধিকার হারানোর দোরগোড়ায় এসে দাঁড়িয়েছে।

(বাইট-সেলিম)

কংগ্রেস  আইএসএফ সহ অন্যান্য দলও প্রচার চালাচ্ছে।

-----------------

সুপ্রিম কোর্টে আজ, অর্থ তছরুপ মামলায় কলকাতায় আই প্যাকের অফিসে তল্লাশি চলাকালীন তৃণমূল কংগ্রেস নেত্রী, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বাধাদান সংক্রান্ত মামলার শুনানি আজও চলেছে। দুই বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র ও এন ভি আঞ্জারিয়ার বেঞ্চে ইডির পক্ষে কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহতা বলেন, এই ঘটনার যথেষ্ট

প্রমাণ ইডি আধিকারিকদের কাছে আছে। তিনি এই ঘটনায় CBI-কে FIR দায়ের করে সম্পূর্ণ ঘটনার তদন্ত করার আবেদন জানান।

কেন্দ্রের অতিরিক্ত সলিসিটার জেনারেল এস ভি রাজু বলেন, তল্লাশির সময় একটি রাজ্যের মুখ্যমন্ত্রী তাঁর পুলিশ আধিকারিকদের সঙ্গে নিয়ে ইডির কাজে বাধা দিয়েছেন। আবার তারাই ইডির বিরুদ্ধে FIR করছেন। এছাড়াও, যে মুখ্যমন্ত্রীর নির্দেশে FIR দায়ের হয়েছে, তিনিই, কে তদন্ত করবে, তা’ নির্ধারণ করতে পারেন না। এর নিরপেক্ষ তদন্ত হওয়া প্রয়োজন। সুপ্রিম কোর্ট এই বিষয়ে ইডির আইনজীবির কাছে জানতে চান, তারা যে নিরপেক্ষ তদন্ত চাইছেন, তার নির্দেশ শীর্ষ আদালত দিতে পারে কিনা। কেন্দ্রের অতিরিক্ত সলিসিটার জেনারেল আরো বলেন, এধরণের তদন্ত রাজ্য সরকারের অধীনে হলে তা’ কখনো নিরপেক্ষ হতে পারেনা।

-----------------

নন্দীগ্রামের তৃণমূল নেতা শঙ্কু নায়েক, শেখ সুফিয়ান, আবু তাহের সহ চারজনের আগাম জামিনের আবেদন কলকাতা হাইকোর্ট খারিজ করে দিয়েছে।
উল্লেখ্য, ২০২৪ এর ৮’ই ডিসেম্বর, নন্দীগ্রামের সমবায় ভোট চলাকালীন নন্দীগ্রাম-এক নম্বর ব্লকের কাঞ্চননগর দিদারুদ্দিন বিদ্যাভবনে বিজেপি ও তৃণমূলের মধ্যে বচসা বাধে। পরে বোমাবাজি শুরু হয়। সেই ঘটনায় ৪৩ জনের নামে অভিযোগ দায়ের হয়। NIA এই ঘটনার তদন্তের ভার নিয়ে, ওই চার তৃণমূল কংগ্রেস নেতার নামে নোটিশ পাঠায়। সেই নোটিশের প্রেক্ষিতে গ্রেফতারি এড়াতেই আগাম জামিনের আবেদন জানায় ওই চার নেতা।

-----------------

রাজ্যের পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে আজ ও আগামীকাল তাপপ্রবাহের সতর্কতার সঙ্গে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শুষ্ক ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। তবে শনিবার থেকে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বজ্রগর্ভ মেঘ সঞ্চারের ফলে বজ্র বিদ্যুত্ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

সেই সঙ্গে ঘন্টায় পঞ্চাশ থেকে ষাট কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়াও বয়ে যেতে পারে। তাপমাত্রাও তিন থেকে চার ডিগ্রী কমার সম্ভাবনা।

আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন, মুর্শিদাবাদ সহ উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই শনিবারের পর বৃষ্টির পরিমাণ বাড়বে।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস যা প্রায় স্বাভাবিক। সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের তুলনায় প্রায় দেড় ডিগ্রি বেশি।

----------------- -----------------